গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং-২৭.০০.০০০০.০৪১.২৩.০০২.১৯.৯৮৫

তারিখ ১০ ফাল্গুন ১৪২৬ / ২৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপন এবং জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

গত ০৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি এর সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন এবং জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

২৩/২/২০২০

(তাহমিনা ইয়াসমিন)
উপসচিব
ফোনঃ ৯৫১৩৩৬৪
E-mail: dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল, ঢাকা।
০৩। চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
০৫। প্রধান সমন্বয়ক, জাতীয় বাস্তবায়ন কমিটি।
০৬। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৭। অতিরিক্ত সচিব, ব্লুইকোনমি সেল।
০৮। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৯। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ(স্রেডা), ঢাকা।
১০। মহাপরিচালক/বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট/খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
১১। যুগ্মসচিব (সকল)/যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১২। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
১৩। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট।
১৪। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন।
১৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/এপিএসসিএল/নওপাজেকো/নেসকো/সিপিজিসিবিএল/বিআইএফপিসিএল/বি-আর পাওয়ারজেন লিঃ, ঢাকা/খুলনা/ব্রাহ্মণবাড়িয়া/রাজশাহী।
১৭। উপসচিব (সকল)/উপ-প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৮। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা।
১৯। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, বিস্ফোরক পরিদপ্তর।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৫। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপন এবং জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব নসরুল হামিদ মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
সভার তারিখ	:	০৬ ফেব্রুয়ারি ২০২০
সভার সময়	:	সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান	:	বিদ্যুৎ ভবনস্থ বিজয় হল (১৫ তলা), ১নং আব্দুল গণি রোড, ঢাকা
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'।

০১। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।সভার শুরুতেই সভাপতি বলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শোষণ বৈষম্যের স্বীকার, অধিকার বঞ্চিত বাঙ্গালী জাতির অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তির ব্রত নিয়ে বাঙালী জাতির অধিকার আদায়ে কাজ করেছেন। সভাপতি জাতির পিতার অবদান গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। তিনি জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন এবং মুজিব বর্ষে জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজনের লক্ষ্যে সকলকে নিষ্ঠার সাথে কাজ করে যেতে হবে।

০২। অতঃপর তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনকে জাতির কর্তব্য হিসেবে বিবেচনাপূর্বক সোনার বাংলা গড়ার প্রত্যয়ে বছরব্যাপী উদযাপনের বিভিন্ন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করেন।সভাপতি আরও বলেন, মুজিব বর্ষে বিদ্যুৎ বিভাগ ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ যে কর্মপরিকল্পনা নিয়েছে বছরব্যাপী সে সব কার্যক্রম বাস্তবায়নে কাজ করে যেতে হবে। সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষ্যে বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর পাওয়ার পয়েন্ট উপস্থাপন করা হয়।

০৩। বিদ্যুৎ বিভাগের সচিব সভাকে অবহিত করেন যে, বিদ্যুৎ বিভাগ মুজিব বর্ষকে সেবা বর্ষ হিসেবে পালন করছে এবং বিদ্যুৎ বিভাগ ও তার অধীনস্থ সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ প্রতিদিন ১ ঘন্টা অতিরিক্ত কাজ করছে অর্থাৎ প্রতিদিন প্রায় ৩০,০০০ ঘন্টা অতিরিক্ত সেবা দিচ্ছে। তিনি মত ব্যক্ত করেন যে, শতভাগ বিদ্যুতায়ন সফলতার ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানিতে যে ইনোভেশন আছে তার জন্য পুরস্কার দেওয়া যেতে পারে। বিদ্যুৎ প্রদানের ক্ষেত্রে কোন সাময়িক অসুবিধা হলে ত্বরিত ব্যবস্থা নিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রদানের সর্ব রকমের প্রস্তুতি নেওয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানান। সিনিয়র সচিব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সভাকে অবহিত করেন যে, বিদ্যুৎ বিভাগের ন্যায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ মুজিব বর্ষকে সেবা বর্ষ হিসেবে পালন এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তা/কর্মচারিগণ প্রতিদিন ১ ঘন্টা বেশি কাজ করবেন। এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যানবাহনে সেবা বর্ষের লোগো ব্যবহার করা যেতে পারে।

০৪। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বলেন, মুজিব বর্ষে সেবা এবং সেবামূলক কার্যক্রম হিসেবে ২০২১ এর ১৭ মার্চের পূর্বেই Digital Financial Automation করা হচ্ছে। নির্বাচনী মেনিফেস্টু অনুযায়ী জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে দেশব্যাপী ৬টি মডেল পেট্রোল পাম্প স্থাপন এবং সেগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রম নেয়া হচ্ছে। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে নিয়মিত ইলেক্ট্রিশিয়ানদের ১ম পর্যায়ের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এর মধ্যে ১ম পর্যায়ে ২৯৬১ জন প্রশিক্ষণার্থী উত্তীর্ণ হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ ২০২০ সালের মধ্যে শেষ হবে। যে সকল প্রশিক্ষণার্থী ইতোমধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন তাদেরকে আগামী ১লা মার্চ ২০২০ সময়ে সনদ বিতরণ করা হবে। চেয়ারম্যান, স্রেডা সভায় বলেন যে, নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে জনগণকে অবহিত করার জন্য সোস্যাল মিডিয়া পার্টনার নেওয়া হবে এবং প্রেস সংশ্লিষ্টদের প্রশিক্ষণ দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(২য় পৃঃ দ্রঃ)

০৫। অতপরঃ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

(ক) বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ পৃথকভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন এবং জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজনের লক্ষ্যে বিস্তারিত বাজেট প্রণয়ন করবে।

(খ) বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ দাপ্তরিক পত্রাদি এবং লেটার প্যাডে মুজিব বর্ষের লোগো ব্যবহার এবং উভয় বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের সোস্যাল মিডিয়া এবং ওয়েব সাইটে লোগো ব্যবহার করতে হবে।

(গ) উভয় বিভাগ মুজিব বর্ষে আগামী এক বছরে কী কী কার্যক্রম করবে তা আগামী এক মাসের মধ্যে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।

(ঘ) সোস্যাল মিডিয়া, এফ এম রেডিও, কমিউনিটি রেডিও, টেলিভিশনসহ অন্যান্য মিডিয়াতে দেশব্যাপি জ্বালানি এবং বিদ্যুৎ খাতে উন্নয়ন কর্মকান্ড সংশ্লিষ্ট ব্যাপক প্রচারণা কার্যক্রম চালাতে হবে। এছাড়া প্রত্যেক জেলার প্রেসক্লাবকে সংশ্লিষ্ট রেখে জ্বালানি দক্ষতা বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

(ঙ) বিদ্যুৎ ও জ্বালানি খাতে বিদেশী বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে এ খাতে কী কী বিনিয়োগ করা যাবে তার প্রকাশনা প্রস্তুতপূর্বক বিদেশে বাংলাদেশ দূতাবাস/হাই-কমিশনে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(চ) বিদ্যুৎ ও জ্বালানি খাতে সমৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে Scholarship প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ছ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের কার্যক্রম ২০২১ সালের মধ্যে সম্পন্ন করে সেখানে উন্নতমানের ল্যাব স্থাপন করতে হবে এবং মাতারবাড়ী এলএনজি টার্মিনালের বিষয়ে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(জ) আগামী ৩ বছরের মধ্যে বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে Paperless Office-এ রূপান্তর, তথ্য আর্কাইভ করা, আধুনিক স্টোর স্থাপন, ফায়ার Safety নিশ্চিত করে জাতীয় নিরাপত্তা গড়ে তোলা এবং দাপ্তরিক কর্মপরিবেশ উন্নতকরণসহ সৌন্দর্যবর্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ঝ) দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে Substation নির্মাণ এবং Transmission Line উন্নয়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করবে।

(ঞ) সরকারি সংস্থার পাশাপাশি বেসরকারি জ্বালানি ও বিদ্যুতের স্থাপনাসমূহে মুজিব বর্ষ উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ট) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বিস্ফোরক অধিদপ্তর এবং বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটে সর্বাধুনিক সুবিধাদি গড়ে তুলে আধুনিকায়ন করতে হবে।

(ঠ) মুজিব বর্ষ আয়োজন উপলক্ষ্যে আন্তজার্তিক সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করে প্রতিবেশি দেশসমূহ এবং অন্যান্য দেশের বিদেশী অতিথিদের আমন্ত্রণ জানাতে হবে।

(ড) বিদ্যুৎ বিভাগ থেকে মুজিব বর্ষ উদযাপন এবং বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজনের লক্ষ্যে যুগ্মসচিব (উন্নয়ন) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে অতিরিক্ত সচিব (অপারেশন)কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নির্বাচন করা যেতে পারে।

০৬। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২০-০২-২০২০
(নসরুল হামিদ)
মাননীয় প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়